**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 November 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম বিধানসভায় গতকাল চা-বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান সম্পর্কীত একটি বিল গৃহিত হয়েছে । জমির উর্দ্ধসীমা নির্ধারণ এবং স্বত্ব প্রদান সংশোধনী বিল ২০২৫ শীর্ষক এই বিলের মাধ্যমে বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান করার ব্যবস্থা করা হবে ।তবে এই সংশোধনী বিলে যেসব শ্রমিক কৃষি কার্যের সঙ্গে যুক্ত তাদের অর্ন্তভুক্ত করা হয় নি । বর্তমানে চা-বাগানে কর্মরত শ্রমিকরা স্পষ্ট আইনী অধিকার অথবা আইনী অধিকার ছাড়াই জমি দখল করে রয়েছেন । এই নতুন ব্যবস্থা তাদের স্থানীয় ভাবে জমির বন্দনস্ত করতে সহায়তা করবে । এর ফলে স্থায়ীভাবে গৃহ নির্মান করা সহ জমি সম্পর্কীত তাদের অসুরক্ষিত মনোভাব হ্রাস পাবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই বিল সম্পর্কে বলেন যে জমির পাট্টা লাভ করার পর চা-বাগানের শ্রমিকরা ওই জমি আগামী ২০ বছর পর্যন্ত বিক্রী করতে পারবেন না । ২০ বছর পর জমি বিক্রী করলেও ওই জমি শুধুমাত্র বাগান শ্রমিকের কাছেই বিক্রী করতে পাবেন বলে তিনি জানান ।

---

হাইলাকান্দি এবং হোজাই মেডিক্যাল কলেজের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ প্রক্রিয়া ইতিমধ্যে শুরু করা হয়েছে ।স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের মন্ত্রী অশোক সিংহল গতকাল বিধানসভায় এ কথা জানান ।গতকাল বিধায়ক আব্দুল কালাম রসিদ আলমের উত্থাপিত একটি লিখিত প্রশ্নের উত্তরে মন্ত্রী শ্রী সিংহল রাজ্যে বর্তমানে ১৪টি মেডিক্যাল কলেজে চিকিৎসা প্রদান করা সহ ছাত্র-ছাত্রীদের নিয়মিত পাঠদান করা হচ্ছে জানিয়ে বলেন যে নতুন ভাবে আরো ১৩টি মেডিক্যাল কলেজের নির্মান কার্য হাতে নেওয়া হয়েছে । এরমধ্যে বঙ্গাইগাও মেডিক্যাল কলেজ , বিশ্বনাথ মেডিক্যাল কলেজ , চড়াইদেউ মেডিক্যাল কলেজ এবং তামুলপুর মেডিক্যাল কলেজের নির্মান কার্য প্রায় সম্পূর্ণ হয়েছে বলে তিনি বিধানসভায় জানান । আশা কর্মীদের পরিতোষক সম্পর্কে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে শ্রী সিংহল জানান যে রাজ্যে বর্তমানে ৩৩ হাজার ৪শো ২১ জন আশা কর্মী মাসিক পরিতোষক লাভ করছেন ।

---

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস গতকাল আসাম বিধানসভার শীতকালীন অধিবেশন চলাকালীন সময়ে গৃহ বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী রূপেশ গোয়ালার সাথে সাক্ষাৎ করে ধলাই-র উন্নয়নে একটি স্মারক পত্র তুলে দিয়েছেন । স্মারক পত্রে তিনি পালংঘাট ফাড়িকে থানায় উন্নিত করা এবং নরসিংপুরে একটি পুলিশ ফাড়ি স্থাপন করার জন্য মন্ত্রীর কাছে দাবী জানিয়েছেন । মন্ত্রী শ্রীগোয়ালা বিধায়কের এই দাবীগুলি বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন ।

---

মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হওয়া ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে ৩শো টাকা করে বৃত্তি প্রদানের ব্যবস্থা গতকাল; থেকে আনুষ্ঠানিকভাবে আরম্ভ হয়েছে । গতকাল গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর উপস্থিতিতে এই প্রকল্পের সূচনা করা হয় । চলতি মাস থেকে আগামী চার মাস পর্যন্ত দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা এই বৃত্তি লাভ করবে । ছাত্র-ছাত্রীদের আত্মবিশ্বাস এবং মনোবল বৃদ্ধি করা সহ তাদের অধ্যয়নের সামগ্রী তথা পুষ্টিকর খাদ্য ক্রয় করার সহায়তার জন্যই প্রেরণা শীর্ষক বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এর মাধ্যমে রাজ্যের ৪ লক্ষ ৪০ হাজারের অধিক ছাত্র-ছাত্রী উপকৃত হবে বলে আশা করা হচ্ছে । অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে রাজ্যে সম্প্রতি শিক্ষা ব্যবস্থা যথেষ্ট উন্নত হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের উপযুক্ত শিক্ষা গ্রহণের জন্য একটি পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে ।মুখ্যমন্ত্রী বলেন --

বাইট

---

প্রসার ভারতী ডি ডি ফ্রি ডিশ প্ল্যাটফর্মে আঞ্চলিক ভাষার জনপ্রীয় চ্যানেলগুলোকে যুক্ত করতে একটি নতুন পাইলট প্রকল্প চালু করেছে । তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় জানিয়েছে যে প্রত্যন্ত অঞ্চলে তথ্যপ্রাপ্তির সুযোগ বৃদ্ধি করার লক্ষ্যে নতুন উন্নত এম পি ই জি -৪ স্ট্রিমে এই চ্যানেলগুলো সম্প্রচারিত হবে । মন্ত্রনালয় জানিয়েছে যে বাংলা অসমীয়া ,তামিল তেলেগু মালায়ালম কান্নাড়া  এবং ওড়িয়া ভাষার আঞ্চলিক চ্যানেলগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে ।এবং আঞ্চলিক সংবাদ চ্যানেলগুলোর জন্য বিশেষ প্রাধান্য থাকবে ।

আগামী বছরের ৩১ শে মার্চ পর্যন্ত এসব চ্যানেলের জন্য বিনামূল্যে স্লট বরাদ্দ করা হবে ।এই উদ্যোগ দেশের আঞ্চলিক ভাষাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে প্রসারভারতী জানিয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে অনুষ্ঠানের ১২৮ তম পর্ব । জনসাধারন ১৮০০ ১১ ৭৮০০ শুল্কবিহীন নম্বরে ফোন করে এই অনুষ্ঠানের জন্য নিজের মতামত এবং পরামর্শ প্রেরণ করতে পারবেন । নমো অ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চ অথবা ১৯২২ নম্বরে মিসডকল দেবার পর লাভ করা লিঙ্কের মাধ্যমেও জনসাধারণ মধ্যরাত পর্যন্ত পরামর্শ প্রদান করেছেন ।

---

শ্রীভূমি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে এখন থেকে জেলার সব হোটেল, রেষ্টুরেন্ট ও অনুরূপ প্রতিষ্ঠানে গ্রাহকদের জন্য প্রদান করা পানীয় জলের গুনগত মান জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা বিভাগের অনুমোদিত ল্যাবরেটরি থেকে পরীক্ষা করানোর নির্দেশ দিয়েছেন । এতে প্রতিষ্টানগুলিকে প্রতিমাসে পানীয় জলের বি আই এস স্ট্যান্ডার্ড অনুসারে ফিজিক্যাল , ক্যামিকেল ও মাইক্রো বায়োলজিকেল পরিমাপ যাচাইর আওতায় থাকতে হবে । পাশাপাশি প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পরীক্ষার রির্পোট জেলা স্বাস্থ্য আধিকারীক, পৌরসভা বা স্থানীয় লাইসেন্স প্রাদনকারী কর্তৃপক্ষের

কাছে জমা দিতে হবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা ও গুনগতমান আইনের অধীনে ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

আগামী দোসরা ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত দুবাইতে অনুষ্ঠেয় আর্ন্তজাতিক পুরুষ বক্সিং প্রতিযিগিতায় আসামের আকাশ কাছারী ভারতীয় দলে স্থান লাভ করেছে । এন আই এস প্রশিক্ষক তথা আসাম এ্যামেচার বক্সিং ফেডারেশনের সাধারণ সম্পাদক সন্দীপ সন্দিকৈ এই দলের ম্যাজার হিসেবে কার্যনির্বাহ করবেন । নির্বাচিত এই দলটি আগামী কাল দুবাইর উদ্দেশ্যে রওয়ানা দেবে ।

---